# ৩নং সিংড়া ইউনিয়ন পরিষদের ১৫/০৬/২০২৬ইং তারিখের অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী

সভাপতিঃ মোঃ সাজ্জাদ হোসেন
চেয়ারম্যান, ৩নং সিংড়া ইউনিয়ন পরিষদ
ঘোড়াঘাট, দিনাজপুর।

স্থানঃ ৩নং সিংড়া ইউনিয়ন পরিষদ সভা কক্ষ
ঘোড়াঘাট, দিনাজপুর।
তারিখঃ ১৫-০৬-২০২৬ইং
সময়ঃ সকাল ১০:০০ ঘটিকা

**সভায় উপস্থিত সদস্যগণের নাম ও স্বাক্ষর (স্বাক্ষরের ক্রমানুসারে)**

| ক্রমিক নং | সদস্যবৃন্দের নাম | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | জনাব, মোঃ সাজ্জাদ হোসেন | স্বাক্ষরিত/- |
| ০২ | জনাব, মোঃ আব্দুল মালেক মন্ডল | " |
| ০৩ | জনাব, মোঃ ওয়াহেদুজ্জামান | " |
| ০৪ | জনাব, মোঃ সোনা মিয়া মোল্লা | " |
| ০৫ | জনাব, মোঃ গোলাম রব্বানী | " |
| ০৬ | জনাব, মোঃ আজাদুল ইসলাম | " |
| ০৭ | জনাব, মোঃ মঞ্জুর রহমান | " |
| ০৮ | জনাব, মোঃ আতিয়ার রহমান | " |
| ০৯ | জনাব, মোঃ মফিজুল হক | " |
| ১০ | জনাব, মোঃ আয়নুল ইসলাম | " |
| ১১ | জনাব, মোছাঃ মুরশিদা বেগম | " |
| ১২ | জনাব, মোছাঃ রাহেনা বেগম | " |
| ১৩ | জনাব, চন্দনা রানী | " |

<u>আলোচ্য বিষয়ঃ</u>

১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়ী করন।
২। স্থায়ী কমিটির সভা নিয়মিত করণ সম্পর্কে আলোচনা।
৩। ইউনিয়ন পরিষদের লেনদেন সমূহ ক্যাশলেস পদ্ধতি করণ সম্পর্কে আলোচনা।
৪। জন্ম ও মৃত্যু নিবন্ধন সম্পর্কে আলোচনা।
৫। বিবিধ।

অদ্যকার সভার সভাপতি জনাব মোঃ সাজ্জাদ হোসেন, চেয়ারম্যান ৩নং সিংড়া ইউপি এর সভাপিত্বে সভার কাজ আরম্ভ হয়। স্বাগত বক্তব্যে সভাপতি সাহেব বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন শুনান। উহাতে আর কোন সংযোজন ও বিয়োজন না থাকায় উহা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

২নং আলোচনাকালে সভাপতি সাহেব জানান যে, ইউনিয়ন পরিষদের ১৩টি স্ট্যান্ডিং কমিটি রয়েছে এবং প্রতি দুই মাস অন্তর সভা করার বিধান রয়েছে। সেই অনুযায়ী স্থায়ী কমিটির সভা সমূহ নিয়মিত করার জন্য ইউনিয়ন পরিষদের সদস্যগণদের অনুরোধ জানান। এ বিষয়ে বিশদ আলোচনান্তে নিম্ন রূপ সিদ্ধান্ত গৃহিত হয়।

<u>সিদ্ধান্তঃ</u> অতপর আলোচনান্তে সিদ্ধান্ত হয় যে, স্ট্যান্ডিং কমিটি নিয়মিত করণ এবং সভার সুপারিশ মাসিক সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহিত হয়।

15/06/26

মোঃ সাজ্জাদ হোসেন
চেয়ারম্যান
৩নং সিংড়া ইউনিয়ন পরিষদ
ঘোড়াঘাট, দিনাজপুর।

৩নং আলোচনাকালে সভাপতি সাহেব জানান যে, সভাপতির অনুমতিক্রমে ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা জানান যে, বর্তমানে ৩নং সিংড়া ইউনিয়ন পরিষদের সকল সেবা অনলাইনে দেওয়া হচ্ছে। ইউনিয়ন পরিষদের লেনদেন সমূহ ক্যাশলেস পদ্ধতিতে চালু করা যেতে পারে। এ বিষয়ে উপস্থিত সকলের মতামত কামনা করলে, ২নং ওয়ার্ড সদস্য জনাব মোঃ ওয়াহেদুজ্জামান জানান যে, ক্যাশলেস পদ্ধতিতে সেবা প্রদান করলে স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি পাবে। এ বিষয়ে উপস্থিত সকল সদস্য একমত পোষন করেন। বিশদ আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়।

**সিদ্ধান্তঃ-** অতঃপর আলোচনান্তে সর্বসম্মতিক্রমে ২০২৬-২০২৭ অর্থ বছর হতে ইউনিয়ন পরিষদের লেনদেন সমূহ ক্যাশলেস পদ্ধতিতে করার জন্য ইউপি চেয়ারম্যান ও প্রশাসনিক কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।

৪নং আলোচনাকালে সভাপতি সাহেবের অনুমতিক্রমে ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা জানান যে, অত্র ইউনিয়ন পরিষদের জন্ম নিবন্ধনের প্রত্যাশিত লক্ষ্যমাত্রা ৫২ জন (০-৩৬৫ দিন) এবং মৃত্যু নিবন্ধনের সম্ভাব্য লক্ষ্যমাত্রা ১৭ জন (০-৩৬৫ দিন)। ইতিপূর্বে বিগত মাস গুলোতে সকলের সহযোগীতায় জন্ম ও মৃত্যু নিবন্ধনের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। এ জন্য উপস্থিত সকলকে ধন্যবাদ জানান। এ ধারা অব্যাহত রাখতে সকল ইউপি সদস্য ও গ্রাম পুলিশ গণের সহযোগীতা কামনা করেন। এ বিষয়ে বিশদ আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়।

**সিদ্ধান্তঃ** অতপর আলোচনান্তে সর্বসম্মতিক্রমে ইউপি সদস্য গণ ০ থেকে ৩৬৫ দিনের মধ্যে জন্ম ও মৃত্যু নিবন্ধন করার জন্য নিজ নিজ ওয়ার্ডের জনগণকে সচেতন করবেন এবং গ্রাম পুলিশ গণ বাড়ী বাড়ী গিয়ে তথ্য সংগ্রহ করে জন্ম ও মৃত্যু নিবন্ধনের লক্ষ্যমাত্রা অর্জনে সহযোগীতা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।

বিবিধ এর (ক) বিষয়ে আলোচনাকালে সভাপতি সাহেব জানান যে, মাননীয় প্রধান মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী ০৫ বছরে ২৫ কোটি বৃক্ষরোপনের নির্দেশনা রয়েছে। তার প্রেক্ষিতে জেলা প্রশাসন ও উপজেলা প্রশাসনের নির্দেশনা অনুযায়ী অত্র ইউনিয়ন পরিষদে ৯০০০টি (নয় হাজার) বিভিন্ন প্রজাতি (যেমনঃ বনজ, ফলজ ও ঔষধি) গাছ লাগানোর জন্য বলা হয়েছে। তিনি আরো জনান যে, গত ১৩/০৫/২০২৬খ্রি. মাননীয় প্রধান মন্ত্রী বৃক্ষরোপন কর্মসূচি শুভ উদ্বোধন করেন। উদ্বোধনের অংশ হিসাবে অত্র ইউপিতে ১০০টি বৃক্ষ রোপন করা হয় এবং অবশিষ্ট বৃক্ষ গুলো ধাপে ধাপে রোপন করতে হবে। উক্ত বৃক্ষ রোপনে ব্যয় ইউপির নিজস্ব তহবিল অথবা স্থাবর সম্পত্তি ভূমি হস্তান্তর কর ১% এর অর্থ দ্বারা করা হবে মর্মে জানান। এ বিষয়ে বিশদ আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়।

15/06/26

মোঃ সাজ্জাদ হোসেন
চেয়ারম্যান
৩নং সিংড়া ইউনিয়ন পরিষদ
ঘোড়াঘাট, দিনাজপুর।

**সিদ্ধান্তঃ-** অতঃপর আলোচনান্তে সর্বসম্মতিক্রমে ইউনিয়ন পরিষদের বিভিন্ন স্থানে বৃক্ষরোপন প্রকল্পটি প্রাক্কলন প্রস্তুত করে প্রাক্কলনে উল্লিখিত টাকা দ্বারা আরএফকিউ পদ্ধতিতে ৬নং ওয়ার্ড কমিটি ও স্কীম সুপার ভিশন কমিটির মাধ্যমে বাস্তাবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়।

বিবিধ এর (খ) বিষয়ে আর কোন আলোচনা না থাকায়, সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

15/06/26

সভাপতি

(মোঃ সাজ্জাদ হোসেন)

চেয়ারম্যান

৩নং সিংড়া ইউনিয়ন পরিষদ

ঘোড়াঘাট, দিনাজপুর।

মোঃ সাজ্জাদ হোসেন
চেয়ারম্যান
৩নং সিংড়া ইউনিয়ন পরিষদ
ঘোড়াঘাট, দিনাজপুর।

স্মারক নং-৪৬.০০.৪৩৭৬.০০০.০২.০১৭.২৬-

তারিখ: ১৫/০৬/২০২৬খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইলঃ-

১। উপ-পরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর।
২। উপজেলা নির্বাহী অফিসার, ঘোড়াঘাট, দিনাজপুর।
৩। অফিস কপি।

15/06/26

চেয়ারম্যান

৩নং সিংড়া ইউনিয়ন পরিষদ

ঘোড়াঘাট, দিনাজপুর।

মোঃ সাজ্জাদ হোসেন
চেয়ারম্যান
৩নং সিংড়া ইউনিয়ন পরিষদ
ঘোড়াঘাট, দিনাজপুর।